

স্কুলের পোশাক

স্কুলের জগ্য:

গাঢ় নীল রঙের কলার যুক্ত জামা
খাঁকি (তাম্ববর্ণ) ও কালো প্যান্ট / স্কাট


শারীর শিক্ষার জগ্য:

FLC টি-শার্ট:

ফুলপ্যান্ট বা হাফপ্যান্ট

পোশাক না পরে এলে = \$5

পরিচয়পত্র



শিক্ষার্থীদেরকে সর্বদা
তাদের পরিচয়পত্র
রাখতে হবে। নিজের
পরিচয়পত্র নষ্ট করবে
না। পরিচয়পত্র ভুলে
গেলে = \$1
পরিচয়পত্র হরালে
= \$5

স্কুলের সরবরাহ

পাঁচ (5) 1-বিষয়ের নোটবই

পেন্সিল / পেন ফোল্ডার



স্কুলের সময়

ব্রেকফাস্টের জন্য স্কুল খোলে:

সকাল 7:15 – 7:45

ক্লাস শুরু: সকাল 7:55 টায়

ক্লাস শেষ: দুপুর 2:59 টায়

(সোমবার, মঙ্গলবার, বৃহস্পতিবার,
শুক্রবার)

ক্লাস শেষ: দপূর 1:59 টায় (বধবার)

বিনামূল্যের ব্রেকফাস্ট

বিনামূল্যের লাঞ্চ

বিনামূল্যের SEPTA ট্রান্সপাস

(বাস / ট্রলি / সাবওয়ে)

স্কুল থেকে 1.5+ মাইলের

বেশী দূরে থাকলে

বুধবার/বৃহস্পতিবার/শুক্রবারের
অ্যাডভাইজারির সময় ট্রান্সপাস সংগ্রহ
করো

রিপোর্ট কার্ডের তারিখ:

20-22 নভেম্বর, 2017

14-16 ফেব্রুয়ারী 2018


2-4 মে 2018

20 জুন 2018

অনুবাদ / দোভাষী সহায়তা

215-400-4180, এক্সটেনশন #4

Newcomer Learning Academy (NLA)



Franklin Learning Center (FLC)



616 N. 15th Street
Philadelphia, PA 19130
215-400-7570

ফিলাডেলফিয়ার বহুভাষিক
পাঠ্যক্রমের অফিস এবং
প্রোগ্রাম স্কুল ডিস্ট্রিক্ট /
215-400-4240

FLC এর NLA তে স্বাগতম



Newcomer Learning Academy (NLA) সেইসব শিক্ষার্থীদের জন্য যাদের:

- বয়স 14 থেকে 20 বছরের মধ্যে,
- সম্প্রতি মার্কিন যুক্তরাষ্ট্রে এসেছে এবং
- মাতৃভাষা ইংরেজি নয়।

বহুভাষিক মূল্যায়ন কেন্দ্র (Multilingual Assessment Center, MAC) দ্বারা নথিভুক্ত শিক্ষার্থীরা: 215-400-4240 (বিকল্প 1)। যদি কোনো শিক্ষার্থীর কাছে হাই স্কুলের প্রতিলিপি থাকে, তাহলে তা FLC রুস্টার অফিস বা MAC এ দিতে হবে।

ফিলাডেলফিয়ার স্কুল ডিস্ট্রিক্টের গ্র্যাজুয়েশনের আবশ্যিকতা হল 23.5 ক্রেডিট: ইংরেজি (4), ইতিহাস/সমাজ বিজ্ঞান (4), গণিত (3-4), বিজ্ঞান (3-4), মানবিক (2), ঐচ্ছিক (4), শারীর শিক্ষা (1) স্বাস্থ্য (.5), ও একটি বিশ্ব ভাষা (2)।

উপস্থিতি খুব গুরুত্বপূর্ণ। স্কুলে শিক্ষার্থী অনুপস্থিত থাকলে তার জন্য তাকে পিতামাতা/অভিভাবকের সহ করা একটি নোট (চিঠি) স্কুলে দিতে হবে। যদি কোনো শিক্ষার্থী 3 দিনের বেশী সময় ধরে অনুপস্থিত থাকলে ডাক্তারের থেকে একটি নোট স্কুলে দিতে হবে। যেসব ক্ষেত্রে অনুপস্থিতি “মাফ করা” হয় তা হল অসুস্থতা, পারিবারিক কারও মৃত্যু, স্কুল ট্রিপ বা ধর্মীয় ছুটি। শিক্ষার্থীর কোনো প্রশ্ন থাকলে, তাকে নিজ অ্যাডভাইজরি শিক্ষকের সঙ্গে কথা বলতে হবে।

যদি শিক্ষার্থীকে “আগে চলে যেতে” (স্কুল শেষের সময়ের আগে) হয় তাহলে তাকে পিতামাতা/অভিভাবকের থেকে একটি নোট (চিঠি) স্কুলে দিতে হবে। শিক্ষার্থীর বয়স 18 বছরের বেশী না হওয়া পর্যন্ত তার পিতামাতা/অভিভাবককে স্কুল থেকে তাকে নিয়ে আসতে হবে। তাদের কাছে স্বচিহ্ন পরিচয়পত্র থাকা আবশ্যিক।

শিক্ষার্থী অসুস্থ হলে তার শিক্ষককে তা জানাতে হবে। শিক্ষার্থী ওষুধ নিলে, সেই ওষুধ 111 নং রুমের নার্স অবশ্যই দিতে হবে।

NLA এর রয়েছে 8 জন শিক্ষক, দোভাষী কাউন্সেলিং অ্যাসিস্টেন্ট (Bilingual Counseling Assistants, BCA)। একজন স্কুল FLC স্কুল কাউন্সেলর কলেজ এবং কর্মজীবন পরিকল্পনা এবং সামাজিক/মানসিক সহায়তা দিয়ে সাহায্য করবে। BCA অনুবাদ, সমাজ পরিষেবা ও কমিউনিটি সহায়তা দিয়ে সাহায্য করবে।

অভদ্র আচরণের জন্য “আটক অবস্থার” সম্মুখীন হতে হবে। আটক অবস্থা হল স্কুলের নির্দিষ্ট সময়ের পর অতিরিক্ত সময় ধরে থাকা, এইসব শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য:

- যারা স্কুলে বা ক্লাসে দেরি করে আসে,
- ক্লাস “ফাঁকি” দেয় (ক্লাসে যায় না) এবং/অথবা
- ক্লাসে, স্কুলের হলে, লাঞ্চরুমে, স্কুলের ভ্রমণে, স্কুল যাওয়া ও আসার সময় অভদ্র (খারাপ) আচরণ করে।

NLA/FLC এর নিয়ম

নতুন বন্ধু করা, চিন্তা করা, প্রশ্ন করা ও শেখা এখানে অনুমোদিত! ক্লাবে, গানের দলে যোগদান ও খেলায় অংশগ্রহণ এখানে অনুমোদিত!



ক্লাসে মোবাইল ব্যবহার করা যাবে না



স্কুলে কোনো টুপি বা হুডি পড়া যাবে না

ধূমপান, মদ্যপান বা মাদক নেওয়া যাবে না



কোনো সরঞ্জাম ও অস্ত্র আনা যাবে না

